# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 30 June, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামী আগামী ১৯ জুলাই রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় সমাবেশের আয়োজন করতে যাচ্ছে।দলটির দাবি, এই সমাবেশে সাত দফা দাবির ভিত্তিতে জনমত গঠনের উদ্দেশ্যে বিশাল জনসমাগম ঘটানো হবে।

রোববার (২৯ জুন) গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জামায়াত এই কর্মসূচির ঘোষণা দেয়।

ঘোষিত সাত দফা দাবি হলো:

১. ২০২৪ সালের ৫ আগস্টসহ বিভিন্ন সময়ে সংঘটিত সকল গণহত্যার বিচার।

২. রাষ্ট্রের সব স্তরে প্রয়োজনীয় মৌলিক সংস্কার।

৩. ঐতিহাসিক জুলাই সনদ ও ঘোষণাপত্রের পূর্ণ বাস্তবায়ন।

৪. জুলাই অভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের পুনর্বাসন।

৫. জনগণের প্রকৃত মতামতের প্রতিফলন ঘটাতে পিআর (□□□□□□□□□□□□□□□□□□□□□□□□□□□□□□) পদ্ধতিতে জাতীয় নির্বাচন আয়োজন।

৬. প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ।

৭. সব রাজনৈতিক দল ও প্রার্থীদের জন্য সমান সুযোগ ও ‘লেভেল প্লেয়িং ফিল্ড’ নিশ্চিত করা।

দলটির পক্ষ থেকে বলা হয়েছে, এই সমাবেশের মাধ্যমে সরকার ও প্রশাসনের প্রতি স্পষ্ট বার্তা দেওয়া হবে, এবং জনগণের সামনে দলের অবস্থান তুলে ধরা হবে।

জামায়াতে ইসলামী জামায়াত কর্মসূচি সাত দফা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 01:52

URL: https://www.timestodaybd.com/politics/3935609994